# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## ১. ভূমিকা

বাংলাদেশ টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও দক্ষ নিয়ন্ত্রণের স্বার্থে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ (২০০১ সনের ২৮ নং আইন) মোতাবেক বিগত ৩১ জানুয়ারি ২০০২ খ্রি. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয়।

## ২. রূপকল্প (Vision)

দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত ও সুসংহত করা, বৃহত্তম জনগোষ্ঠীর জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসংগত ব্যয়-সাপেক্ষ ও আধুনিকমানের টেলিযোগাযোগ সেবা প্রদান এবং টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বৈষম্য দূরীকরণের ব্যবস্থা গ্রহণ।

## ৩. অভিলক্ষ্য (Mission)

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী মানসম্পন্ন এবং আন্তর্জাতিকমানের টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ।

## ৪. প্রধান কার্যাবলী

- বাংলাদেশে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং টেলিযোগাযোগ সেবা প্রদান নিয়ন্ত্রণ ও সেবা খাতে উৎকর্ষ সাধন।
- দেশীয় গ্রাহকগণের উপর আরোপিত চার্জের হার এবং টেলিযোগাযোগ সেবার প্রাপ্যতা, মান ও বৈচিত্রের ব্যাপারে তাদের স্বার্থ রক্ষা করা। টেলিযোগাযোগের ক্ষেত্রে গবেষণা ও উন্নয়ন এবং টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে উদ্ভাবনী কার্যক্রম ও বিনিয়োগকে উৎসাহ প্রদান।
- গ্রাহকগণের সামাজিক অর্থনৈতিক স্বার্থ রক্ষা ও তাহাদের প্রয়োজন অনুসারে যথাযথ সাড়া দেওয়া এবং টেলিযোগাযোগ সেবা প্রদানকারীর বিদ্যমান কিংবা সম্ভাব্য পীড়নমূলক বা বৈষম্যমূলক আচরণ বা কার্যকলাপ নিয়ন্ত্রণ ও দূরীকরণের ব্যবস্থা করা।
- উন্নত টেলিযোগাযোগ সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পারিক প্রতিযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা এবং এতে উৎসাহ প্রদান। টেলযোগাযোগের একান্ততা (Privacy) রক্ষার ব্যবস্থা নিশ্চিত করা।
- বাংলাদেশ এবং বর্হিবিশ্ব হতে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং বাংলাদেশে এদের প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা এবং তদনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বা ক্ষেত্রমত সরকারের নিকট সুপারিশ করা। টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে একটি সেবার আয় হতে অন্য সেবা খাতে ভর্তুকি (Subsidy) প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও আইনগত ব্যবস্থা গ্রহণ।
- টেলিযোগাযোগ ব্যবস্থায় সুষ্ঠু পরিবেশ ও গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধির জন্য টেলিযোগাযোগ খাতের পরিচালন-পদ্ধতি যেমন-গ্রাহক নিবন্ধন প্রক্রিয়া, মোবাইল নাম্বার পোর্ট্যাবিলিটি (এমএনপি) বিষয়ক গাইডলাইন, টাওয়ার শেয়ারিং সংক্রান্ত নীতিমালা এবং ও ILDTS Policy প্রণয়ন।
- অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ যেমন-জাতীয় নিরাপত্তা রক্ষা বিডি-সার্ট (BD-CSIRT) গঠন, জনসচেতনতা সম্পর্কিত কার্যক্রম, অভিযোগ ব্যবস্থাপনা টাস্কফোর্স গঠন, সামাজিক দায়বদ্ধতা তহবিল গঠন, মোবাইল, পিএসটিএন ও আইপিটিএসপি সার্ভিসের যৌক্তিক ট্যারিফ নির্ধারণসহ এর সুষ্ঠু পরিচালন প্রভৃতি।

## ৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করার লক্ষ্যে বৃহত্তম জনগোষ্ঠির জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসংগত ব্যয়-সাপেক্ষ ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা প্রদান এবং এই সেবা প্রদানের ক্ষেত্রে বৈষম্যমূলক ব্যবস্থা প্রতিরোধ ও অবসানকল্পে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর অধীনে ২০০২ সালের ৩১ জানুয়ারি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন প্রতিষ্ঠিত হয়। উক্ত আইনে নিম্নোলিখিত উদ্দেশ্যগুলি নির্ধারণ করে দেয়া হয়।

- বাংলাদেশ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করতে পারে এমন একটি টেলিযোগাযোগ ব্যবস্থার সুশৃঙ্খল উন্নয়ন এবং তাতে উৎসাহ দান।
- বাংলাদেশের বিরাজমান অর্থনৈতিক ও সামাজিক বাস্তবতা অনুসারে যতদূর সম্ভব বৃহত্তম জনগোষ্ঠির জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসংগত ব্যয়-নির্ভর ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা ও ইন্টারনেট সেবা প্রাপ্তির সুযোগ নিশ্চিত করা।
- জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে প্রতিযোগিতা করার মত একটি নির্ভরযোগ্য ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা ও ইন্টারনেট সেবা প্রদান নিশ্চিত করা।
- টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বৈষম্যমূলক ব্যবস্থা প্রতিরোধ ও অবসান, প্রতিযোগিতামূলক এবং বাজারমুখী ব্যবস্থার উপর ক্রমবর্ধমান হারে নির্ভরতা অর্জন এবং সংগতি রেখে যথাযথ ক্ষেত্রে কমিশনের কার্যকর নিয়ন্ত্রণ নিশ্চিত করা এবং
- নূতন নূতন টেলিযোগাযোগ সেবা প্রবর্তন এবং দেশি ও বিদেশি বিনিয়োগকারীদের বাংলাদেশ টেলিযোগাযোগ খাতে বিনিয়োগ করার জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করা।

## ৬. বিগত তিন বছরের অর্জনসমূহ

- বিগত তিন অর্থবছরে মোবাইল গ্রাহক ১৫.০৯ কোটি এবং ইন্টারনেট গ্রাহক ৮.৭৭ কোটিতে উন্নীত হয়েছে। টেলিডেনসিটি ৯২.৬৭ এবং ইন্টারনেট ডেনসিটি ৫৩.৬৫ এ উন্নীত হয়েছে। আন্তর্জাতিক ভয়েস কলের আন্তঃসংযোগ প্রদানের জন্য ২৬টি ICX লাইসেন্স, আন্তর্জাতিক ডাটা আদান প্রদানের জন্য ৩৫টি IIG লাইসেন্স, দ্রুত গতিসম্পন্ন ডাটা সার্ভিসের জন্য ৪টি BWA লাইসেন্স, ৫টি ট্রান্সমিশন নেটওয়ার্ক NTTN লাইসেন্স, ইন্টারন্যাশনাল টেরিস্ট্রেয়াল ক্যাবলের জন্য ৭টি ITC এবং I.P Telephone এর জন্য ৩৬টি আইপিটিএসপি লাইসেন্স, ৪টি 4G/LTE Cellular mobile Phone Services লাইসেন্স, ০৪টি টাওয়ার শেয়ারিং লাইসেন্স, ৫৬টি টেলিকমিউনিকেশনস্ ভ্যালু এ্যাডেড সার্ভিসেস এবং ০১টি Mobile Number Portability (MNP) লাইসেন্স ইস্যু/ নবায়ন করা হয়েছে।
- প্রযুক্তি নিরপেক্ষ তরঙ্গঁ বরাদ্দ প্রদানসহ 4G/LTE প্রযুক্তি প্রবর্তনের লক্ষ্যে উন্মুক্ত নিলামের মাধ্যমে সেলুলার মোবাইল অপারেটরদের অনুকূলে ১৫.৬ + ১৫.৬ মে: হা: = ৩১.২ মে: হা: তরঙ্গ বরাদ্দ প্রদান করা হয়েছে। দেশে বর্তমানে 3G গ্রাহক সংখ্যা ৬.৫ কোটি 4G গ্রাহক সংখ্যা ০.৫০ কোটি। বিগত ৩ অর্থবছরে মোট ১৪,৭১৯.৭৮ কোটি টাকা রাজস্ব আহরিত হয়েছে।
- বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত (বিটিআরসি)"বঙ্গাবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় বিটিআরসি এবং Thales Alenia Space, France এর মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী স্যাটেলাইট নির্মাণ, টেস্টিং কার্যক্রম ও লঞ্চ ক্যাম্পেইন সম্পন্ন করে গত ১২ মে ২০১৮ তারিখে SpaceX, USA এর Falcon 9 উৎক্ষেপণযান ব্যবহার করে লঞ্চ প্যাড LC39 থেকে "বঙ্গাবন্ধু স্যাটেলাইট -১ " সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে। এছাড়া "সজীব ওয়াজেদ উপগ্রহ-ভূ কেন্দ্র (প্রাইমারি)", গাজীপুর ও "সজীব ওয়াজেদ উপগ্রহ-ভূ কেন্দ্র (সেকেন্ডারি)" বেতবুনিয়ায় নির্মাণ এবং যন্ত্রপাতি স্থাপনের কাজ শেষ হয়েছে।

## ৭. সংস্থার Key Performance Indicators (KPI)

- টেলিযোগাযোগ সেবার লাইসেন্স ইস্যু/নবায়ন এবং লাইসেন্স ও পারমিটের আওতায় সেবা ও তরঙ্গ সম্পর্কিত বিভিন্ন ফি ও চার্জ আদায়।

## ৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- সময়ের সাথে সাথে টেলিযোগাযোগ শিল্পের পরিধি বিস্তৃত হওয়াতে বিভিন্ন ক্যাটাগরিতে প্রচুর সংখ্যক লাইসেন্স প্রদান করা এবং সেই সাথে তাদের ব্যবসায়িক স্বার্থ রক্ষা করে সরকারের প্রাপ্য রাজস্ব অর্জনের বিষয়টি নিশ্চিত করা বিটিআরসি'র একটি বড় চ্যালেঞ্জ । প্রযুক্তি নিরপেক্ষতার নতুন ধারায় এসকল লাইসেন্সধারীর অবস্থান ও সুযোগ নির্ধারণ করাও গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ। International Long Distance Telecommunication Service (ILDTS) পলিসি-২০১০ পর্যালোচনা করে সময়োপযোগী একটি নতুন পলিসি করার কার্যক্রম শুরু হয়েছে। তবে নতুন পলিসিতে যে ধরণের পরিবর্তন আসবে বলে

আশা করা যাচ্ছে সে ধরণের পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ইন্ডাস্ট্রিতে একটি সাম্য অবস্থা বজায় রাখা বিটিআরসি'র জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

- বিভিন্ন কারণে ভয়েস এবং ডাটা ভিত্তিক সেবার মান নিয়ে গ্রাহক মহলে অসন্তুষ্টি বিরাজমান। আন্তর্জাতিকভাবে স্বীকৃত টেলিকম সেবার মানের সাথে সংগতি রেখে বিটিআরসি টেলিকম সেবার মান নির্ধারণ করে প্রয়োজনীয় রেগুলেশন প্রণয়ন করেছে এবং তদানুযায়ী টেলিকম সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। পাশাপাশি বিটিআরসি'র নিজস্ব যন্ত্রপাতি ব্যবহার করে দেশব্যাপি ড্রাইভ টেস্ট কার্যক্রম চলমান রয়েছে। তারপরও কোয়ালিটি অব সার্ভিস আশানুরূপ নয়, এ বিষয়ে গ্রাহকদের চাহিদা অনুযায়ী সেবার মানোন্নয়ন করা বিটিআরসি'র জন্য একটি বড় চ্যালেঞ্জ।
- বর্তমানে মোবাইল অপারেটরগণ প্রয়োজনের তুলনায় অপ্রতুল পরিমাণ তরঙ্গ ব্যবহার করছে। ফলশ্রুতিতে তাদের প্রদত্ত সেবার মান সন্তোষজনক নয়। মোবাইল অপারেটরগণ সেবার মানবৃদ্ধির জন্য তিন ধরনের পদ্ধতি অনুসরণ করতে পারে- স্পেকট্রাম বরাদ্দের পরিমাণ বৃদ্ধি, অধিক পরিমাণ স্থাপনা/ বিটিএস স্থাপন এবং স্পেকট্রাল এফিসিয়েন্ট অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার। স্পেকট্রাম বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করে সেবার মান বৃদ্ধি করা সহজতর এবং পরিবেশ বান্ধব। পৃথিবীর অন্যান্য দেশের মোবাইলফোন অপারেটরদের তরঙ্গের ব্যবহার বাংলাদেশের থেকে তুলনামূলকভাবে অনেক বেশী। ২০২১ সাল নাগাদ মোট ২৫৩ মেগাহার্জ তরঙ্গ প্রয়োজন যার মধ্যে কেবলমাত্র ১২৯.২ মেগাহার্জ তরঙ্গ বরাদ্দকৃত। ১৫৫.৮ মেগাহার্জ তরঙ্গ অবশিষ্ট রয়েছে, যা মোবাইল অপারেটরদের প্রদান করা সম্ভব। মোবাইল অপারেটরগণকে অধিক পরিমাণ তরঙ্গ গ্রহণে উৎসাহী করার জন্য বিটিআরসি কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হলেও এখনও আশানুরূপ সাড়া পাওয়া যায়নি।
- সুষ্ঠু তরঙ্গ ব্যবস্থাপনার স্বার্থে ২০০৯ সালে তরঙ্গ মনিটরিং এর জন্য বিটিআরসি কর্তৃক ''স্ট্রেংদেনিং দি রেগুলেটরি ক্যাপাসিটি অব বিটিআরসি"-শীর্ষক প্রকল্পের মাধ্যমে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, রংপুর ও বগুড়ায় ০৬টি ফিক্সড মনিটরিং ষ্টেশন, ০৫টি মোবাইল মনিটরিং ষ্টেশন এবং ০১টি পোর্টেবল মনিটরিং ষ্টেশন স্থাপন করা হয়েছে। সিস্টেমের যন্ত্রপাতি গুলোর দ্বারা ২০ মেগাহার্জ থেকে ৩ গিগা হার্জ পর্যন্ত তরঙ্গ পরিবীক্ষণ করা যায়। সাম্প্রতিক সময়ে তথ্যপ্রযুক্তির ক্রমবর্ধমান বিকাশ সাধনের মাধ্যমে বিশ্বব্যাপী টেলিযোগাযোগ সেবার ব্যাপক বিস্তৃতি ঘটেছে। বাংলাদেশে বিগত বছরগুলোতে টেলিযোগাযোগ খাতে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে, ফলে একদিকে বিভিন্ন টেলিযোগাযোগ সেবা ও গ্রাহক সংখ্যা যেমন বেড়ে চলেছে অন্য দিকে উচ্চতর ব্যান্ডে নিত্য নতুন টেলিযোগাযোগ সেবা প্রাপ্তির সম্ভাবনা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বর্তমান প্রেক্ষাপটে সিস্টেমের সাহায্যে তরঙ্গ পরিবীক্ষণ এবং তথ্য-উপাত্তসমূহ পর্যবেক্ষণ ও বিশ্লেষণের জন্য সফ্টওয়্যারগত সক্ষমতার দিকসমূহ খুবই সীমিত মর্মে প্রতীয়মান হয়েছে। বিদ্যমান সিস্টেমটিতে ওয়াইডব্যান্ড রিসিভার ফিল্টার, ইন্টারনেট ম্যাপিং সুবিধা, ফিল্ডস্ট্রেংথ ম্যাপিং সুবিধা, অটোমেটিক ইন্টারফেরেন্স ডিটেকশন (এলার্মফাংশন), অত্যাধুনিক ডিজিটাল সিগনাল পর্যবেক্ষণ ইত্যাদি সুবিধাসমূহ সন্নিবেশ করে আধুনিকায়ন প্রয়োজন।
- রাষ্ট্রীয় ও জন নিরাপত্তা বিধান এবং টেলিযোগাযোগ শিল্পে সরকারের রাজস্ব নিশ্চিতকল্পে অবৈধ ভিওআইপি রোধ, মোবাইল সিম এর অপব্যবহার রোধ এবং অবৈধ হ্যান্ডসেট নিবন্ধন ইত্যাদি বিষয়ে ইতোমধ্যে নানা ধরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তবে এসকল পদক্ষেপ সমূহকে পাশ কাটিয়েও অপব্যবহার চলমান। নিরাপত্তার স্বার্থে আরও দক্ষ এবং সমন্বিত সিস্টেম স্থাপন করে এ সকল কর্মকান্ড সম্পূর্ণরূপে বন্ধ করা বিটিআরসি'র জন্য একটি চ্যালেঞ্জ।
- আমাদের জীবনযাত্রার আমুল পরিবর্তনে যেসব প্রযুক্তির কথা আমরা প্রতিনিয়ত শুনছি তাঁদের মধ্যে অন্যতম হলো- ইন্টারনেট অব থিংস, কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লকচেইন, বিগডাটা ইত্যাদি। এগুলোর ব্যবহার উন্নত দেশগুলোতে ক্রমেই বাড়ছে। আমাদের দেশেও স্বল্পপরিসরে এগুলোর কার্যক্রম শুরু হয়েছে। সেবা খাতে এসব প্রযুক্তির উপযোগী ব্যবহার দ্বারা জনসাধারণসগ বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে গ্রাহক বান্ধব, নিরাপদ ও লাভজনক করা যাবে মর্মে প্রতীয়মান। সে অর্থে সাধারণ জনগণ থেকে সরকারি ও বেসরকারি সকল প্রতিষ্ঠানসমূহ এসব প্রযুক্তি ব্যবহারের সুফল ভোগ করবে। নতুন এসকল প্রযুক্তিসমূহের জন্য প্রয়োজনীয় নীতিমালা ও অবকাঠামো গড়ে তোলা বিটিআরসি'র অন্যতম চ্যালেঞ্জ হবে আগত দিনগুলিতে।

## ৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- 5G লাইসেন্স ইস্যুকরণ এবং তরঙ্গ বরাদ্দকরণ;
- ডিজিটাল ব্রডকাস্টিং সুইচওভার;
- স্পেকট্রাম মনিটরিং সিস্টেমের আপগ্রেডেশন এবং সম্প্রসারণ;
- ইউনিফাইড লাইসেন্সিং;

- একসেস রেগুলেশন;
- আগারগাঁতে বিটিআরসির নিজস্ব ভবন নির্মাণ;
- Internet Safety Solution(ISS) নিশ্চিতকরণ;
- TVAS রেজিস্ট্রেশন পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন;
- VSAT গাইডলাইন প্রণয়ন ও বাস্তবায়ন;
- ইনফাস্ট্রাকচার শেয়ারিং গাইডলাইন জারি;
- আইএসপি লাইসেন্সিং গাইডলাইন বাস্তবায়ন;
- লাইসেন্সিং রেগুলেশন সংশোধন করে জারিকরণ
- টেলিযোগাযোগ সেবাসমূহের মূল্য হ্রাস;
- ট্যারিফ মনিটরিং সিস্টেম স্থাপন;
- সাবস্ক্রাইবার ভেরিফেকেশন ও কানেকশন অ্যাক্টিভেশন্স সিস্টেমের উন্নয়ন;
- ভবিষ্যৎ প্রযুক্তি এর বিকাশে প্রয়োজনীয় গবেষণা সহায়তা;
- মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিসের বিকাশ;
- ইন্টারনেট মিডিয়ামে নিরাপত্তা নিশ্চিতকরণে সিস্টেম স্থাপন;
- Consumer প্রোটেকশন নীতিমালা নিশ্চিতকরণে সিস্টেম স্থাপন;
- গ্রাহক অভিযোগ ব্যবস্থাপনার উন্নয়নসহ নানাবিধ পরিকল্পনা।

**১০. সংস্থার ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত, ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০১৭-১৮ অথবছরের মোট আয়, মোট ব্যয় ও ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) নিম্নরূপ:**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেট ২০১৮-১৯ | অনুমোদিত বাজেট ২০১৮-১৯ | প্রকৃত ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | মোট আয় | ৩১০০০০.০০ | ৩০২৫০০.০০ | ৩৮৩১২১.০১ | ৬৪৪৫৩৬.৪০ |
| ২ | মোট ব্যয় | ৬০২৮৯.৭৫ | ৪৫৬৭৪.৯০ | ২৯৮৬২.০৯ | ১৮২৩৯.৭২ |
| **৩** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি)** | **২৪৯৭১০.২৫** | **২৫৬৮২৫.১০** | **৩৫৩২৫৮.৯২** | **৬২৬২৯৬.৬৮** |

## ১১. বাজেট পর্যালোচনা

### ক. পরিচালন বৃত্তান্ত

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন আইএসপি/ ভিস্যাট, ২টি রুরাল টেলিফোন এবং ৪টি মোবাইল ফোনের (গ্রামীণ, বাংলালিংক, রবি ও টেলিটক) এর কার্যাবলি নিয়ন্ত্রণ করে থাকে। ২০১৭-১৮ অর্থবছরে ৪টি মোবাইল ফোন কোম্পানির সর্বমোট গ্রাহক সংখ্যা ছিল ১৫.০৯ কোটি। ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোবাইল ফোন গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৬.৬০ কোটি ও ১৮.২৬ কোটি হবে বলে হিসাব করা হয়েছে। উল্লিখিত ৪টি মোবাইল কোম্পানির মধ্যে গ্রামীন মোবাইল ফোনের গ্রাহক সংখ্যা সর্বাধিক। উল্লিখিত ৪টি মোবাইল ফোন প্রতিষ্ঠানের ও অন্যান্য অপারেটরদের লাইসেন্স ফি, চার্জ, রয়্যালটি, ফ্রিকোয়েন্সি চার্জ, সার্ভিস চার্জ ইত্যাদি বাবদ ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৩০২৫.০০ কোটি ও ৩১০০.০০ কোটি টাকা আয় করবে বলে আশা করা যাচ্ছে। অপরদিকে উক্ত সময়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কমিশনার, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি, ভবিষ্য তহবিল, মেরামত ও রক্ষণাবেক্ষণ, প্রশিক্ষণ ইত্যাদি বাবদ ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ১৯৩.৫১ কোটি ও ২২২.৭৩ কোটি টাকা ব্যয় হবে বলে হিসেবে করা হয়েছে। উল্লিখিত সময়ে ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৮৩১.৪৮ কোটি ও ২৮৭৭.২৮ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরে ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৬৩১১.৭৭ কোটি টাকা। সংস্থার প্রকৃত আয়ের তুলনায় সংশোধিত বাজেটে রাজস্ব আয় হ্রাস পাওয়ার কারণ মূলতঃ উল্লিখিত সময়ে বিটিআরসি কর্তৃক ৩জি ও ৪জি লাইসেন্স বিক্রয়ের কথাছিল কিন্তু উক্ত কার্যক্রম গৃহীত না হওয়ায় রাজস্ব আয় হ্রাস পাবে। সংস্থার গঠন সংক্রান্ত আইন অনুযায়ী মোট আয় থেকে কমিশনের যাবতীয় ব্যয় (অর্থাৎ রাজস্ব ও মূলধনী ব্যয়) নির্বাহের পর সম্পূর্ণ উদ্বৃত্ত অর্থ বিটিআরসি সরকারি কোষাগারে জমা প্রদান করে থাকে।

### খ. আয়-ব্যয়

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৩০২৫.০০ কোটি ও ৩১০০.০০ কোটি টাকা আয় করবে বলে আশা করা যাচ্ছে। কমিশনের কমিশনার, কর্মচারীদের বেতন-ভাতাদি, প্রশাসনিক ব্যয়, মূলধনী ব্যয় ও অন্যান্য ব্যয় বাবদ যথাক্রমে ৪৫৬.৭৪ কোটি ও ৬০২.৯০ কোটি টাকা ব্যয় হবে বলে হিসেব করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে কমিশনের কমিশনার, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি, প্রশাসনিক ব্যয়, অন্যান্য ব্যয় এবং মূলধণ খাতে ব্যয়সহ সর্ব মোট ব্যয় হয়েছিল ১৮২.৪০ কোটি টাকা এবং ব্যয় উদ্ধৃত্ত আয় হয়েছিল ৬২৬২.৯৭ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ২৫৬৮.২৫ কোটি ও ২৪৯৭.১০ কোটি টাকা ব্যয় উদ্বৃত্ত আয় হবে বলে আশা করা যাচ্ছে। কমিশনের আইন অনুযায়ী বিটিআরসি উক্ত উদ্বৃত্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করে সরকারের রাজস্ব বাজেটে উল্লেখযোগ্য অবদান রাখবে বলে আশা করা যাচ্ছে।

### গ. মুনাফা ও তহবিল প্রবাহ

কমিশনের ব্যয় উদ্বৃত্ত আয়, অবচয় ও অন্যান্য বাবদ ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২৮৪৬.৪৮ কোটি ও ২৮৯২.২৭ কোটি টাকার তহবিলের যোগান হবে বলে আশা করা যাচ্ছে। কমিশন ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে স্থায়ী পরিচালন সম্পত্তিতে যথাক্রমে ২৬৩.২৩ কোটি ও ৩৮০.১৭ কোটি টাকা বিনিয়োগ এবং আয় থেকে ব্যয় নির্বাহের পর উদ্বৃত্ত/সমাপনী অর্থ সরকারি

কোষাগারে জমা প্রদানের পর কোন উদ্বৃত্ত/ঘাটতি তহবিল থাকবে না। ২০১৭-১৮ অর্থবছরে বিনিয়োগের পরিমাণ ছিল ৪৮.৮০ কোটি টাকা। উল্লিখিত সময়েও কোনরূপ উদ্বৃত্ত/ঘাটতি তহবিল ছিল না।

## ঘ. মূলধন কাঠামো

২০১৮ সালের ৩০শে জুন কমিশনের মোট সম্পদের পরিমাণ ছিল ৮৯৭৪.৮৩ কোটি টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ০:১০০। ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিনিয়োগ বৃদ্ধির ফলে মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১১৮০৬.৩১ কোটি ও ১৪৬৮৩.৫৯ কোটি টাকায় দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে।

## ঙ. সরকারি কোষাগারে প্রদেয়

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন আইএসপি, ভিস্যাট, মোবাইল, রুরাল টেলিফোন ইত্যাদি প্রতিষ্ঠান হতে লাইসেন্স ফি, রয়্যালটি, ফ্রিকুয়েন্সি সার্ভিস চার্জ ইত্যাদি বাবদ প্রাপ্য অর্থ হতে কমিশনের পরিচালন ও মূলধনী ব্যয় বাদ দেয়ার পর সংস্থার গঠন সংক্রান্ত আইনানুযায়ী অবশিষ্ট অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করে থাকে। ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২৫৬৮.২৫ কোটি ও ২৪৯৬.৭১ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে বলে আশা করা যাচ্ছে। কমিশন ২০১৭-১৮ অর্থবছরে ৬২৬২.৯৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে।

## চ. জনবল

২০১৭-১৮ অর্থবছরে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের ৩৬৯টি মঞ্জুরিকৃত পদের বিপরীতে অনিয়মিত শ্রমিকসহ মোট জনবলের সংখ্যা ছিল ২৭৭ জন। ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে এই জনবলের প্রত্যাশিত সংখ্যা ৩৫২ জন করে হবে বলে হিসাব করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে কর্মী প্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৬,২৪,১০৫.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মী প্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭,৩৩,২৩৯.০০ টাকা ও ৮,৮৯,৪৮৯.০০ টাকায় দাঁড়াবে বলে অনুমান করা যাচ্ছে। বাৎসরিক বেতন বৃদ্ধি / ইনক্রিমেণ্ট প্রদানের কারণে কর্মী প্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

| প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে। |
|---|

<BTRC Write-up-Jm>

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০১৯-২০

| বিবরণ | একক | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেট ২০১৮-১৯ | অনুমোদিত বাজেট ২০১৮-১৯ | প্রকৃত ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|
| **পরিমান ( মোবাইল ফোন গ্রাহক সংখ্যা):** | | | | | |
| ১ . গ্রামীণ মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৮৩৬.৯৬ | ৭৬০.৮৭ | ৬৮২.৪৮ | ৬৯১.৭০ |
| ২ . রবি মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৫৪১.২২ | ৪৯২.০২ | ৪৩৪.৯৩ | ৪৪৭.২৯ |
| ৩ . সিটিসেল মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . বাংলালিংক মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৪০২.৭১ | ৩৬৬.১০ | ৩৩৯.৬৭ | ৩৩২.৮২ |
| ৫ . টেলিটক মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৪৫.৫৪ | ৪১.৪০ | ৪৬.৪৩ | ৩৭.৬৪ |
| ৬ . এয়ারটেল মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . অন্যান্য মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . মোট মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ১৮২৬.৪৩ | ১৬৬০.৩৯ | ১৫০৩.৫১ | ১৫০৯.৪৫ |
| **মোবাইল ফোন কল সংখ্যা(প্রকৃত লোকাল কল মিনিট):** | | | | | |
| ৯ . গ্রামীণ মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ১৭২৮৪০৫.২১ | ১৬৪৬১০০.২০ | ০.০০ | ১৫৬৭৭১৪.৪৮ |
| ১০ . রবি মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৮৩০৫০৪.৮৯ | ৭৯০৯৫৭.০৪ | ০.০০ | ৭৫৩২৯২.৪২ |
| ১১ . সিটিসেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . বাংলালিংক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৫৫৯৯৬৮.৫৫ | ৫৩৩৩০৩.৩৮ | ০.০০ | ৫০৭৯০৭.৯৮ |
| ১৩ . টেলিটক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৬২০৩৫.০৭ | ৫৯০৮১.০২ | ০.০০ | ৫৬২৬৭.৬৪ |
| ১৪ . এয়ারটেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫ . অন্যান্য মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬ . মোট মোবাইল ফোন কল মিনিট(লোকাল) | লাখ মিনিট | ৩১৮০৯১৩.৭২ | ৩০২৯৪৪১.৬৪ | ০.০০ | ২৮৮৫১৮২.৫২ |
| **মোবাইল ফোন কল সংখ্যা(প্রকৃত বিদেশ কল মিনিট) :** | | | | | |
| ১৭ . গ্রামীণ মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৭২১৯৩.৬২ | ৯০২৪২.০৩ | ০.০০ | ১১২৮০২.৫৪ |
| ১৮ . একটেল/রবি মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৪২৫৪৭.১১ | ৫৩১৮৩.৮৯ | ০.০০ | ৬৬৪৭৯.৮৬ |
| ১৯ . সিটিসেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ . বাংলালিংক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ১৬৪০৭.৫৫ | ২০৫০৯.৪৪ | ০.০০ | ২৫৬৩৬.৮০ |
| ২১ . টেলিটক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৫১০.১৫ | ৬৩৭.৬৮ | ০.০০ | ৭৯৭.১০ |
| ২২ . ওয়ারিদ/এয়ারটেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ . অন্যান্য মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪ . মোট মোবাইল ফোন কল মিনিট (বিদেশ) | লাখ মিনিট | ১৩১৬৫৮.৪৩ | ১৬৪৫৭৩.০৪ | ০.০০ | ২০৫৭১৬.৩০ |
| **ইন্টারনেট গ্রাহক সংখ্যা :** | | | | | |
| ২৫ . গ্রামীণ মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৫১২.৬২ | ৪২৭.১৮ | ০.০০ | ৩৫৫.৯৮ |
| ২৬ . একটেল মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৩৮৩.৫৪ | ৩১৯.৬২ | ০.০০ | ২৬৬.৩৫ |
| ২৭ . সিটিসেল মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৮ . বাংলালিংক মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ২৭৬.০৬ | ২৩০.০৫ | ০.০০ | ১৯১.৭১ |
| ২৯ . টেলিটক মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৮.৯৪ | ৭.৪৫ | ০.০০ | ৬.২১ |
| ৩০ . এয়ারটেল মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩১ . অন্যান্য মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৬০.৫৮ | ৫৯.১০ | ৮৪৭.১৬ | ৫৭.৬৬ |
| ৩২ . মোট মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ১২৪১.৭৪ | ১০৪৩.৪০ | ৮৪৭.১৬ | ৮৭৭.৯১ |

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০১৯-২০

| বিবরণ | একক | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেট ২০১৮-১৯ | অনুমোদিত বাজেট ২০১৮-১৯ | প্রকৃত ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|
| **অন্যান্য সংযোগ সংখ্যা :** | | | | | |
| ৩৩ . গ্রামীণ মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৪ . রবি মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৫ . সিটিসেল মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৬ . বাংলালিংক মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৭ . টেলিটক মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৮ . এয়ারটেল মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৯ . অন্যান্য মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪০ . মোট মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **রাজস্ব :** | | | | | |
| ৪১ . গ্রামীণ মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ৬০৮৯৬.৮০ | ৫৯৩৬০.৯৬ | ৫৩৯৭৩.৫৭ | ৬২১০৮.৩৫ |
| ৪২ . রবি মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ৩৩৬৫৯.৮০ | ৩২৮২১.২০ | ২৮৯২৭.৬৩ | ৩৪৩২১.৩৪ |
| ৪৩ . সিটিসেল মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ৯০০.০০ | ০.০০ |
| ৪৪ . বাংলালিংক মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ১৮৬২৭.৫৩ | ১৮১৭৩.৭৩ | ২৩২০৫.৪৭ | ১৮৯৮৫.৫১ |
| ৪৫ . টেলিটক মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ২৩১৫.৮৭ | ২২৬৮.১১ | ৫৪৭৪.০০ | ২৩৫৩.৫৫ |
| ৪৬ . এয়ারটেল মোবাইল ফোন কোং এর রাজস্ব | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ৭১২৫.৪৯ | ০.০০ |
| ৪৭ . অন্যান্য রাজস্ব | লাখ টাকা | ১৯৪৫০০.০০ | ১৮৯৮৭৬.০০ | ২৬৩৫১৪.৮৫ | ৫২৬৭৬৭.৬৫ |
| ৪৮ . মোট রাজস্ব (৪১+..+৪৭)(তফসিল-ক) | লাখ টাকা | ৩১০০০০.০০ | ৩০২৫০০.০০ | ৩৮৩১২১.০১ | ৬৪৪৫৩৬.৪০ |
| ৪৯ . - প্রতি গ্রাহক হতে প্রাপ্ত গড় রাজস্ব | টাকা | ১৬৯.৭৩ | ১৮২.১৯ | ২৫৪.৮২ | ৪২৭.০০ |
| ৫০ . - প্রতি লোকাল কল হতে প্রাপ্ত গড় রাজস্ব | টাকা | ০.১০ | ০.১০ | ০ | ০.২২ |
| **ব্যয় :** | | | | | |
| ৫১ . বেতন ও ভাতাদি | লাখ টাকা | ৩৫০৩.০০ | ২৯১৮.৫০ | ২৭১২.৫৩ | ১৯৭১.০০ |
| ৫২ . ভবিষ্য তহবিল ও গ্র্যাচ্যুইটি | লাখ টাকা | ৮২০০.০০ | ৮০৫০.০০ | ৭৯০৮.০৬ | ৭৮২৬.২৩ |
| ৫৩ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | লাখ টাকা | ৬৩০.৫০ | ১২৫.৫০ | ১১৩.৫০ | ৭২.৯৯ |
| ৫৪ . অবচয় | লাখ টাকা | ১৫০০.০০ | ১৫০০.০০ | ১৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ৫৫ . প্রশিক্ষণ | লাখ টাকা | ১৪০.০০ | ৯০.০০ | ৯০.০০ | ৪৪.৮৬ |
| ৫৬ . সিএনজি, পেট্রল, অকটেন, লুব্রিকেন্ট ইত্যাদি | লাখ টাকা | ১৬৩.০০ | ১৬৩.০০ | ১৫৭.০০ | ১২০.৮৪ |
| ৫৭ . সমাজ কল্যাণ ব্যয় | লাখ টাকা | ২১৫.০০ | ১১৫.০০ | ২১৫.০০ | ১১৫.০০ |
| ৫৮ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | লাখ টাকা | ৩২০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ০.০০ |
| ৫৯ . ভর্তুকি | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬০ . পরিশোধিতব্য সুদ | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬১ . অন্যান্য | লাখ টাকা | ৭৬০১.২৫ | ৬২৩৯.৫০ | ৮০২৭.০০ | ২৩৯৪.৭০ |
| ৬২ . মোট ব্যয় (৫১+..+৬১) (তফসিল-খ) | লাখ টাকা | ২২২৭২.৭৫ | ১৯৩৫১.৫০ | ২১০২৩.০৯ | ১৩৩৫৯.৩৮ |
| ৬৩ . - মোট রাজস্বের হার | % | ৭.১৮ | ৬.৪০ | ৫.৪৯ | ২.০৭ |
| ৬৪ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (৪৮-৬২) | লাখ টাকা | ২৮৭৭২৭.২৫ | ২৮৩১৪৮.৫০ | ৩৬২০৯৭.৯২ | ৬৩১১৭৭.০২ |

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### প্রধান কার্যালয়

### প্রাক্কলিত আয় ও ব্যয় ২০১৯-২০

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেট ২০১৮-১৯ | অনুমোদিত বাজেট ২০১৮-১৯ | প্রকৃত ২০১৭-১৮ |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| ১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ . সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ . বৈদেশিক অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি | ২৩৫.০০ | ২৩৯.০০ | ৩৬৯.০২ | ১২২.১৫ |
| ৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . সেবার জন্য প্রাপ্য ফি | ৩০৬৭৩০.০০ | ২৯৯৪৫৭.০০ | ৩৭৬৪৪৭.৮৭ | ৬২৯৯৮৩.৮৭ |
| ৭ . প্রকাশনা বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . ব্যবসায়িক মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . প্রাপ্য সুদ | ১০১৫.০০ | ৮৩০.৬১ | ২৩৭৯.৫৫ | ৯৮৭০.৩১ |
| ১০ . প্রাপ্য ভাড়া | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ . অন্যান্য | ২০২০.০০ | ১৯৭৩.৩৯ | ৩৯২৪.৫৭ | ৪৫৬০.০৭ |
| ১২ . মোট আয় | ৩১০০০০.০০ | ৩০২৫০০.০০ | ৩৮৩১২১.০১ | ৬৪৪৫৩৬.৪০ |
| **ব্যয়** | | | | |
| ১৩ . বেতন ও ভাতাদি | ৩৫০৩.০০ | ২৯১৮.৫০ | ২৭১২.৫৩ | ১৯৭১.০০ |
| ১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড | ৮২০০.০০ | ৮০৫০.০০ | ৭৯০৮.০৬ | ৭৮২৬.২৩ |
| ১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৬৩০.৫০ | ১২৫.৫০ | ১১৩.৫০ | ৭২.৯৯ |
| ১৬ . অবচয় | ১৫০০.০০ | ১৫০০.০০ | ১৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ১৭ . প্রশিক্ষণ | ১৪০.০০ | ৯০.০০ | ৯০.০০ | ৪৪.৮৬ |
| ১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য | ১৬৩.০০ | ১৬৩.০০ | ১৫৭.০০ | ১২০.৮৪ |
| ১৯ . সমাজ কল্যাণ ব্যয় | ২১৫.০০ | ১১৫.০০ | ২১৫.০০ | ১১৫.০০ |
| ২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | ৩২০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ০.০০ |
| ২১ . ভর্তুকি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . পরিশোধিতব্য সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ . অন্যান্য | ৪৫৬১৮.২৫ | ৩২৫৬২.৯০ | ১৬৮৬৬.০০ | ৭২৭৫.০৪ |
| ২৪ . মোট ব্যয় | ৬০২৮৯.৭৫ | ৪৫৬৭৪.৯০ | ২৯৮৬২.০৯ | ১৮২৩৯.৭২ |
| ২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত ) (টাকা) | ১৭১২৭৭৬৯.৮৯ | ১২৯৭৫৮২৩.৮৬ | ৯১৩২১৩৭.৬১ | ৬৫৮৪৭৩৬.৪৬ |
| ২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ২৪৯৭১০.২৫ | ২৫৬৮২৫.১০ | ৩৫৩২৫৮.৯২ | ৬২৬২৯৬.৬৮ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০১৯-২০** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেট ২০১৮-১৯ | অনুমোদিত বাজেট ২০১৮-১৯ | প্রকৃত ২০১৭-১৮ |
|---|---|---|---|---|
| **তহবিলের উৎস** | | | | |
| ১ . প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ . ব্যয় উদ্বৃত্ত আয় | ২৪৯,৭১০.২৫ | ২৫৬,৮২৫.১০ | ৩৫৩,২৫৮.৯২ | ৬২৬,২৯৬.৬৮ |
| ৩ . অবচয় | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ৪ . অন্যান্য (নগদ ব্যতীত) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ . প্রাপ্য নতুন মূলধন | ৩৮,০১৭.০০ | ২৬,৩২৩.৪০ | ৮,৮৩৯.০০ | ৪,৮৮০.৩৪ |
| ৬ . প্রাপ্য ঋণ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০ . পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ . অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . মোট তহবিল সংগ্রহ | ২৮৯,২২৭.২৫ | ২৮৪,৬৪৮.৫০ | ৩৬৩,৫৯৭.৯২ | ৬৩১,৯৯০.৭৮ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ১৩ . আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪ . পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬ . স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ | ৩৮,০১৭.০০ | ২৬,৩২৩.৪০ | ৮,৮৩৯.০০ | ৪,৮৮০.৩৪ |
| ১৭ . অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ . মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ২০ . সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২১ . অন্যান্য | ২৪৯,৭১০.২৫ | ২৫৬,৮২৫.১০ | ৩৫৩,২৫৮.৯২ | ৬২৬,২৯৬.৬৮ |
| ২২ . মোট তহবিল প্রয়োগ | ২৮৯,২২৭.২৫ | ২৮৪,৬৪৮.৫০ | ৩৬৩,৫৯৭.৯২ | ৬৩১,৯৯০.৭৮ |
| ২৩ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২০** **(লাখ টাকায়)**

| **বিবরণ** | **বাজেট ৩০ জুন ২০২০** | **সংশোধিত ৩০ জুন ২০১৯** | **প্রকৃত ৩০ জুন ২০১৮** |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ৯৬১৮২৩.৭৯ | ৯২৩৮০৬.৭৯ | ৮৯৭৪৮৩.৩৯ |
| ২. সংরক্ষিত তহবিল | ৫০৬৫৩৫.৩৫ | ২৫৬৮২৫.১০ | ০.০০ |
| ৩. ইক্যুইটি | ১৪৬৮৩৫৯.১৪ | ১১৮০৬৩১.৮৯ | ৮৯৭৪৮৩.৩৯ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. চলতি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. মোট দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. মোট তহবিল | ১৪৬৮৩৫৯.১৪ | ১১৮০৬৩১.৮৯ | ৮৯৭৪৮৩.৩৯ |
| **মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ০ : ১০০ | ০ : ১০০ | ০:১০০ |
| ৯. চলতি অনুপাত | ০.০০ : ১ | ০.০০ : ১ | ০.০০ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ০ : ১ | ০ : ১ | ০ : ১ |
| **সম্পত্তিসমূহ** | | | |
| ১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি | ৪২৩৪৮৫.৬৫ | ৩৮৫৪৬৮.৬৫ | ৩৫৯১৪৫.২৫ |
| ১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয় | ৬৮১৪.১০ | ৫৩১৪.১০ | ৩৮১৪.১০ |
| ১৩. নীট স্থাবর সম্পত্তি | ৪১৬৬৭১.৫৫ | ৩৮০১৫৪.৫৫ | ৩৫৫৩৩১.১৫ |
| ১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি | ৩৮১৪.০৯ | ৩৮১৪.০৯ | ৩৮১৪.০৯ |
| ১৫. চলতি সম্পদ | ১০৪৭৮৭৩.৫০ | ৭৯৬৬৬৩.২৫ | ৫৩৮৩৩৮.১৫ |
| ১৬. মোট সম্পদ | ১৪৬৮৩৫৯.১৪ | ১১৮০৬৩১.৮৯ | ৮৯৭৪৮৩.৩৯ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত নগদান প্রবাহ ২০১৯-২০** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেট ২০১৮-১৯ | অনুমোদিত বাজেট ২০১৮-১৯ | প্রকৃত ২০১৭-১৮ |
|---|---|---|---|---|
| **নগদানের উৎস** | | | | |
| ১. প্রারম্ভিক নগদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. ব্যাংক স্থিতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. ব্যাংক (ওভারড্রাফট) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. মোট প্রারম্ভিক নগদান (লাইন ১+২+৩) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. কর ও সুদপূর্ব নীট মুনাফা/(লোকসান) | ২৪৯,৭১০.২৫ | ২৫৬,৮২৫.১০ | ৩৫৩,২৫৮.৯২ | ৬২৬,২৯৬.৬৮ |
| **যোগ : নগদানের রূপান্তরের খাতসমূহ** | | | | |
| ৬. অবচয় | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ৭. এ্যামোরটাইজেশন ও অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. সম্পদ বিক্রয়ে লোকসান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. মজুদ হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. দেনাদার হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. অন্যান্য চলতি সম্পদ হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. পাওনাদার বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. ঋণের সুদ বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. আয়কর বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬. অন্যান্য (বর্ণনা করুন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭. মোট (লাইন ৪+....+১৬) | ২৫১,২১০.২৫ | ২৫৮,৩২৫.১০ | ৩৫৪,৭৫৮.৯২ | ৬২৭,১১০.৪৪ |
| **বাদ : নগদানের রূপান্তরের খাতসমূহ** | | | | |
| ১৮. সম্পদ বিক্রয়ে মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯. দেনাদার বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০. মজুদ বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২১. অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ২২. পাওনাদার হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩. অন্যান্য চলতি দায় হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪. অন্যান্য (বর্ণনা করুন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৫. মোট লাইন (১৮+....+২৪) | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৮১৩.৭৬ |
| ২৬. প্রত্যক্ষ পরিচালনা হতে নগদ প্রবাহ (১৭-২৫) | ২৪৯,৭১০.২৫ | ২৫৬,৮২৫.১০ | ৩৫৩,২৫৮.৯২ | ৬২৬,২৯৬.৬৮ |
